সংবাদ

তারিখ ....28 MAY 2016
পৃষ্ঠা ... 4 ... কলাম 4 ......

# আহত শিক্ষকের চিকিৎসা সেবায় ইবি পরিবার

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

সন্ত্রাসীদের চাপাতির আঘাতে গুরুতর আহত ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইফুজ্জামানের চিকিৎসায় আর্থিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীরা। বৃহস্পতিবার তারা পৃথক পৃথকভাবে প্রায় ১১ লাখ টাকার চেক বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের হাতে তুলে দিয়েছেন। ক্যাম্পাস সূত্রে জানা য়ায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইফুজ্জামানের চিকিৎসা সহায়তায় হাত বাড়িয়ে দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি এবং প্রভোস্ট কাউন্সিল। সহায়তার অংশ হিসেবে তারা চিকিৎসা সহায়তা হিসেবে প্রায় ১১ লাখ টাকার চেক ভিসির হাতে তুলে দিয়েছেন। বৃহস্পতিবার ইবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এমতাজ হোসেন এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. অলী উল্যাহ ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের সঙ্গে দেখা করে শিক্ষকদের একদিনের বেতনের চেক প্রদান করেছেন। একইভাবে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক হলের পক্ষ থেকে ২৫ হাজার টাকা করে ১ লাখ ৭৫ হাজার টাকার চেক প্রভোস্ট কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. ইকবার হোসাইন ভিসির নিকট প্রদাণ করেছেন। এছাড়া কর্মকর্তা সমিতির পক্ষ থেকেও অর্ধ দিবসের বেতন তুলে দেন কর্মকর্তা সমিতির সধারণ সম্পাদক আহসানুল হক। এ সময় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট অধ্যাপক আনোয়ারুল হক, সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট অধ্যাপক ড. আশরাফুল আলম, লালন শাহ হলের প্রভোস্ট প্রফেসর ড. ইকবাল হোছাইন, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট প্রফেসর ড. অশোক কুমার চক্রবর্তী, খালেদাজিয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোস্তফা কামাল, শেখ হাসিনা হলের প্রভোস্ট অধ্যাপক ড. মিজানুর রহমান, প্রক্টর অধ্যাপক ড. মাহবুবর রহমান প্রমুখ। এ বিষয়ে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. অলী উল্যাহ বলেন, 'কোন শিক্ষক গুরুতর অসুস্থ হলে সব শিক্ষকদের একদিনের বেতন চিকিৎসায় প্রদাণের জন্য শিক্ষক সমিতির নীতিমালায় একটি বিধান রয়েছে। তারই বাস্তবায়ন করা হলো।' এ বিষয়ে ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকার বলেন, 'বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থীদের নিয়ে আমাদের ইবি পরিবার। এই পরিবারের এক সদস্য সাইফুজ্জামানের চিকিৎসার্থে সবার আন্তরিকতা আমাকে মুগ্ধ করেছে। শিক্ষক, কর্মকর্তা এবং হল প্রভোস্টরা আহত শিক্ষককের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা করেছে।' উল্লেখ্য, গত ২০ মে কুষ্টিয়ার বটতৈল এলাকায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. সাইফুজ্জামানের ওপর হামলা চালায় দুর্বৃত্তরা। দুর্বৃত্তদের চাপাতির কোপে গুরুতর আহত হয়ে তিনি এখস ঢাকার অ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। হামলার সময় তার সঙ্গে থাকা হোমিওপ্যাথিক ডা মো. সানাউর রহমান দুর্বৃত্তদের চাপাতির কোপে ঘটনাস্থলে নিহত হন।